

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ



গত ৩ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে স্যন্দন পত্রিকায় 'কাটা খালে মেয়াদ উত্তীর্ণ ওষুধ', প্রতিবাদী কলাম পত্রিকায় "খালপাড়ে মেয়াদোত্তীর্ণ ওষুধ", আজকের ফরিয়াদ পত্রিকায় "কাটা খালের পাড়ে মেয়াদোত্তীর্ণ ওষুধের স্তুপ, নিকটবর্তী স্বাস্থ্য কেন্দ্রের বিরুদ্ধেই অভিযোগের তীর" এবং Tripura Times পত্রিকায় "Large quantity medicine dumped near roadside", শিরোনামে প্রকাশিত সংবাদগুলি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, ডেপুটি ড্রাগ কন্ট্রোলারের কার্যালয় থেকে ইনস্পেক্টিং অফিসার (ড্রাগস) সহ এক তদন্তকারী দল গতকাল ঘটনাস্থলে ছুটে যান। তারা সেখানে প্রচুর পরিমাণে আইএফএ সিরাপ এবং ফলিক এসিড সিরাপের বোতল খুঁজে পান। তদন্তকালে সেখানে একটি নীল রঙের প্লাস্টিকের প্যাকেট পাওয়া যায়, যেখানে দুর্জয়নগর সাবসেন্টার লেখা ছিল। সরকারি নিয়ম মেনে বায়োওয়েস্ট ম্যানেজমেন্টের প্যাকেটে সেগুলিকে রাখা হয়নি। ১,১৩৮ বোতল সিরাপ সেখানে পাওয়া যায়। আইএফএ সিরাপ এবং ফলিক এসিড সিরাপগুলি বাজারে বিক্রয় করার জন্য নয়, সেগুলো সরকারি সরবরাহকৃত ওষুধ। কারা কোন উদ্দেশ্যে এই ওষুধগুলো এভাবে এখানে ফেলে রেখে গেছে সে বিষয়ে উপযুক্ত তদন্ত শুরু হয়েছে। ফেলে যাওয়া সমস্ত ওষুধের বোতলগুলো সেখান থেকে আগরতলা পুরনিগমের আধিকারিক ও কর্মচারীদের পাশাপাশি সাধারণ মানুষের উপস্থিতিতে নিয়ে আসা হয়েছে। মেয়াদোত্তীর্ণ ওষুধ ফেলে রাখার বিষয়টি নিয়ে দুর্গা চৌমুহনীস্থিত রামনগর আউটপোস্টে এফআইআর দায়ের করা হয়েছে।